

বিজ্ঞপ্তি

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর হইতে প্রকাশিত সোহা নং 1(3-1)-DYAS/Estt/2016/1744 তারিখ - ১৬/০৫/২০১৬ বিজ্ঞপ্তি মূলে (যাহা বিগত ১৮/০৫/২০১৬ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ও দপ্তরের ওয়েব সাইটে প্রকাশিত হইয়াছে) যাহারা শারীর শিক্ষক পদের জন্য আবেদন করিয়াছিলেন, তাহাদের মধ্যের যাহারা কোন কারনবসত নির্ধারিত তারিখ এবং সূচী অনুযায়ী নিজ নিজ জেলায় অনুষ্ঠিত জেলাভিত্তিক ইন্টারভিউতে উপস্থিত হইতে পারেন নাই তাহারা আগামী ৬ ই মার্চ ২০১৭ ইং তারিখে হইতে ৮ ই মার্চ ২০১৭ ইং তারিখ পর্যন্ত এই তিনদিন প্রত্যহ বেলা ১১.০০ ঘটিকা হইতে আগরতলার বাধারঘাটস্থিত দশরথ দেব স্পোর্টস কমপ্লেক্স সংলগ্ন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের ডাইরেক্টরেটে (অধিকর্তার অফিস) প্রয়োজনীয় কাগজ পত্রাদি সহ উপস্থিত থাকিয়া ইন্টারভিউ দিতে পারিবেন।


ইন্টারভিউ -র সূচী

তারিখ	সময়	জেলা
০৬-০৩-২০১৭	১১.০০টা	সিপাহীজলা, গোমতী এবং দক্ষিণ ত্রিপুরা
০৭-০৩-২০১৭	ঐ	পশ্চিম ত্রিপুরা এবং উনকোটি
০৮-০৩-২০১৭	ঐ	ধলাই, খোয়াই এবং উত্তর ত্রিপুরা

বিশেষ দ্রষ্টব্য :

চাকুরীর জন্য আবেদনকারীগণ ইন্টারভিউতে আসিবার সময় অবশ্যই নিম্নলিখিত কাগজপত্র সমূহ সঙ্গে আনিবেন :

- ১) আবেদনকারীর নিজস্ব মহকুমা মহকুমা ম্যাজিস্ট্রেট কর্তৃক সদ্য ইস্যুকৃত বাৎসরিক পারিবারিক আয়ের শংসাপত্রের (Annual Family Income Certificate) অরিজিনাল এবং ফটোকপি।
- ২) আবেদনকারীর পরিবারের অন্য কোন এক বা একাধিক সদস্য/সদস্যা সরকারী চাকুরীতে নিয়োজিত আছেন কিনা, এই সম্পর্কিত হলফনামা (Affidavit) (যে কোন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বা নোটারী পাবলিকের নিকট দাখিলকৃত) অথবা নিদৃষ্ট সরকারী Format -এ Self Declaration জমা দিতে হইবে। Self Declaration Format এর নমুনা যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মহকুমা/জিলা আধিকারিকগণের অফিসে পাওয়া যাইবে।
- ৩) মাধ্যমিক বা তৎসমতুল্য পরীক্ষার অরিজিনাল Admit Card এবং Marksheet (ফটোকপি সহ) এবং বাদবাকী শিক্ষাগত যোগ্যতার অরিজিনাল সার্টিফিকেট ও ফটো কপিসমূহ।
- ৪) খেলাধুলার সমস্ত অরিজিনাল সার্টিফিকেট।
- ৫) আবেদনকারীর জন্ম তারিখের প্রমাণপত্র (ফটোকপি সহ)
- ৬) আবেদন পত্র জমা করার সময় জিলা অফিস থেকে ইস্যুকৃত সচিত্র টোকেন এবং আবেদনকারীর যে কোন একটি সচিত্র পরিচয়পত্র।



অধিকর্তা
যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর
ত্রিপুরা সরকার
বাধারঘাট, আগরতলা